

৭৫

খুলনা সিটি কর্পোরেশন  
সাধারণ প্রশাসনিক শাখা

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯. ০৬.০০৮ -২২-২২৮

তারিখ-২৬/০১/২০২৪খ্রিঃ

বিষয় : সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামি ২৪/০১/২০২৪খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১-৩০ টায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে মধ্য মেয়াদী কর্মপরিচালনা (Action Plan) অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে Strategy for Governance Improvement--Implementation Committee (SGI--IC) এর ৩য় সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

.....  
.....  
.....  
.....

  
সচিব

খুলনা সিটি কর্পোরেশন  
ফোন-০২৪৭৭-৭২০৪৭৬



অনুলিপি :

- ১। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
- ২। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
- ৩। সি.এ.টু প্রিন্সিপাল, খুলনা সিটি কর্পোরেশন।
- ৪। সংশ্লিষ্ট নথি।

## খুলনা সিটি কর্পোরেশন

### খুলনা

সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র (২০২০-২০৩০) বাস্তবায়নের লক্ষ্যে কেসিসি'র মধ্য মেয়াদী (২০২২-২৩ থেকে ২০২৫-২৬) কর্মপরিকল্পনা (Action Plan) পর্যালোচনা সংক্রান্ত Strategy for Governance Improvement-Implementation Committee (SGI-IC) এর ৩য় সভার কার্যবিবরণী :

- সভাপতি : জনাব লস্কার তাজুল ইসলাম  
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)  
খুলনা সিটি কর্পোরেশন।
- সভার স্থান : প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, কেসিসি।
- তারিখ ও দিনক্ষণ : ২৪/০১/২০২৪ খ্রি. বুধবার, বেলা ১১-৩০ টায়।
- সভায় উপস্থিতি : পরিশিষ্ট “ক”


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে SGI-IC কমিটির সদস্যবৃন্দকে স্বাগতম জানান। অতঃপর সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশনে প্রস্তুতকৃত মধ্য-মেয়াদী (২০২২-২৩ থেকে ২০২৫-২৬) কর্মপরিকল্পনা (Action Plan) অনুযায়ী বিভিন্ন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। সভাপতি ও উপস্থিত সকলের মতামত এবং আলোচনার ভিত্তিতে সভায় প্রকাশ পায় যে, বছরান্তে কর্মপরিকল্পনা পর্যালোচনাসহ কার্যক্রম বাস্তবায়নের ব্যয় বার্ষিক বাজেটে প্রতিফলন করতে হবে। ২০২২-২৩ অর্থ বছরের খসড়া বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন সাধারণ সভায় অনুমোদন করাতে হবে। মডেল প্রবিধানের ভিত্তিতে খুলনা সিটি কর্পোরেশনের প্রবিধান প্রণয়ন করতে হবে এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে সে সম্পর্কে আলোচনা ও সুপারিশ গ্রহণপূর্বক সাধারণ সভায় আলোচনার মাধ্যমে তা অনুমোদন করাতে হবে, যা পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগে পাঠাতে হবে। CLCC ও WLCC হালনাগাদ গঠন করতে হবে এবং WLCC'র প্রতি কোয়ার্টারে সভার কার্যবিবরণী দাখিলের জন্য তাগিদ দিতে হবে। CLCC ও WLCC সভার প্রতিটি কার্যবিবরণী লিপিবদ্ধ করতে হবে এবং কেসিসি'র ওয়েব সাইটে তা প্রকাশ করতে হবে।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র বাস্তবায়নের লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশনের মধ্যমেয়াদী (২০২২-২৩ থেকে ২০২৫-২৬) কর্মপরিকল্পনা (Action Plan) অনুযায়ী বছরান্তে কর্মপরিকল্পনা পর্যালোচনাসহ কার্যক্রম বাস্তবায়নের ব্যয় বার্ষিক বাজেটে প্রতিফলন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক শাখা ও হিসাব বিভাগ
২	খুলনা সিটি কর্পোরেশনের ২০২২-২৩ অর্থ বছরের খসড়া বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন সাধারণ সভায় অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক শাখা
৩	মডেল প্রবিধানের ভিত্তিতে খুলনা সিটি কর্পোরেশনে খসড়া স্থায়ী কমিটি প্রবিধান প্রণয়ন, সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে আলোচনা ও সুপারিশ আনয়ন এবং সাধারণ সভায় তা অনুমোদন পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক শাখা

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪	খুলনা সিটি কর্পোরেশনে হালনাগাদ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এবং ওয়ার্ড পর্যায়ে হালনাগাদ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক শাখা
৫	CLCC ও WLCC সভার কার্যবিবরণী কেসিসি'র ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক শাখা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




লস্কার তাজুল ইসলাম  
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)  
খুলনা সিটি কর্পোরেশন  
ফোন-০২৪৭৭-৭২০৪০৯  
E-mail: ceo.kcc.kln@gmail.com

স্মারক নম্বর-

তারিখ-

অনুলিপি :

- ১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
- ২। বিভাগীয় প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
- ৪। Ms. Naoko ANZAI, the Chief Advisor of C4C-2, JICA, Bangladesh.
- ৫। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংশ্লিষ্ট নথি।



লস্কার তাজুল ইসলাম  
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)  
খুলনা সিটি কর্পোরেশন  
ফোন-০২৪৭৭-৭২০৪০৯  
E-mail: ceo.kcc.kln@gmail.com

